

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কাজিপুর, সিরাজগঞ্জ।

www.kazipur.sirajganj.gov.bd

নভেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পর্যায়ে কৃষি ঋণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি

ঃ সুখময় সরকার

উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর।

সভার স্থান

ঃ উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ।

তারিখ

ঃ ১৫/১১/২০২৩ খ্রিঃ।

সময়

ঃ বেলা-১১.০০ টা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম পরিশিষ্ট “ক” তে সন্নিবেশিত করা হলোঃ

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ ও সকল এনজিওর সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতপর সভাপতি বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন।

২. উপজেলা এনজিও সভার বিস্তারিত আলোচনাস্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ম্যানেজার উত্তরা ব্যাংক, শুভগাছা শাখা	ম্যানেজার উত্তরা ব্যাংক, শুভগাছা শাখা জানান, তাদের ব্যাংকে ২০১১ সাল থেকে কৃষি ঋণ দিয়ে আসছে। কৃষি ঋণ খেলাপির পরিমাণ বেশি। ঋণ খেলাপি সদস্যদের টাকা আদায়ে উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ এর সহযোগিতা একান্ত কাম্য। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ ম্যানেজার, উত্তরা ব্যাংক, শুভগাছা শাখা, কাজিপুরকে দ্রুত ঋণ খেলাপি সদস্যদের নামের তালিকা এ কার্যালয়ে প্রদানের জন্য অনুরোধ করেন।	ঋণ খেলাপি সদস্যদের নামের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।	ম্যানেজার উত্তরা ব্যাংক, শুভগাছা, কাজিপুর, সিরাজগঞ্জ
ম্যানেজার, সোনালী ব্যাংক, কাজিপুর শাখা	সভায় ম্যানেজার, সোনালী ব্যাংক, কাজিপুর শাখা বলেন, পুরাতন সার্টিফিকেট মামলাগুলোর টাকা আদায়ে দ্রুত নোটিশগুলো জারী করলে মামলাগুলো দ্রুত নিষ্পত্তি হবে। এ বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ এর সহযোগিতা কামনা করেন।	মামলা দ্রুত নিষ্পত্তিকরণে দ্রুত নোটিশ জারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।	ম্যানেজার, সোনালী ব্যাংক, কাজিপুর শাখা
ম্যানেজার, সোনালী ব্যাংক, নাটুয়ারপাড়া শাখা	সভায় ম্যানেজার, সোনালী ব্যাংক, নাটুয়ারপাড়া শাখা জানান তাদের শাখা যমুনা নদীর পার হয়ে যেতে হয় এবং শাখাটি দুর্গম চরাঞ্চলে অবস্থিত। সেখানে থাকা ও খাওয়ার ব্যবস্থা নেই বললেই চলে। তাই দুর্গম চরাঞ্চলে হওয়ায় চরভাতা চালু করলে সকল কর্মকর্তার জন্য সুবিধা হবে।	দুর্গম চরাঞ্চলে হওয়ায় চরভাতা চালুর বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।	ম্যানেজার, সোনালী ব্যাংক, নাটুয়ারপাড়া শাখা, কাজিপুর, সিরাজগঞ্জ
বিবিধ	সভায় উপজেলা নির্বাহী অফিসার আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে সকল ব্যাংকগুলোর নিরাপত্তার জন্য সংশ্লিষ্ট ব্যাংকের ম্যানেজারগণকে আরো বেশি সচেতন থাকার জন্য বলেন। যে সব ব্যাংকে সিসি ক্যামেরা নেই শীঘ্রই ব্যাংকগুলোতে সিসি ক্যামেরার ব্যবস্থা করতে হবে। এছাড়া ব্যাংকটি যে ভবনে রয়েছে সেই ভবনের চারপার্শ্বের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে।	ব্যাংকগুলোর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। ব্যাংকটি যে ভবনে অবস্থিত সেই ভবনের চারপার্শ্বের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। সিসি ক্যামেরা না থাকলে সিসি ক্যামেরার ব্যবস্থা করতে হবে।	সকল ব্যাংক, কাজিপুর, সিরাজগঞ্জ

(স্বাক্ষর সরকার)

উপজেলা নির্বাহী অফিসার

কাজিপুর, সিরাজগঞ্জ।

ফোন-৮৮০২৫৮৮৮০৪৫

E-mail:unokazipur@mopa.gov.bd

১৫/১১/২৩

স্মারকনং-০৫.৪৩.৮৮৫০.০০২.০২.০১২.২৩-২০১৩

তারিখঃ ৩০ কার্তিক, ১৪৩০  
১৫ নভেম্বর, ২০২৩

সদয় অবগতি/অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। ব্যবস্থাপক/সমন্বয়কারী/নিবাহী পরিচালক/পরিচালক.....ব্যাংক.....শাখা কাজিপুর, সিরাজগঞ্জ।
- ৩। অফিস কপি।

(সুখময় সরকার)  
উপজেলা নিবাহী অফিস  
কাজিপুর, সিরাজগঞ্জ।

১৫/১১/২০২৩

অফিস কপি